[redacted]

[redacted]

দামুড়হুদায় রপ্তানীযোগ্য আম উৎপাদন বিষয়ক সেমিনারে অতিরিক্ত সচিব রবীন্দ্রশ্রী বড়ুয়া

চুয়াডাঙ্গার দামুড়হুদায় বিষমুক্ত রপ্তানীযোগ্য নিরাপদ আম উৎপাদনের লক্ষে আম ব্যবসায়ীদের সাথে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারে চুয়াডাঙ্গা, মেহেরপুর, সাতক্ষীরাসহ বেশ কয়েকটি জেলার আম ব্যবসায়ীসহ কৃষি কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।

শনিবার বেলা ১১ টার দিকে উপজেলার ইব্রাহিমপুরস্থ মেহেরুন্নেসা পার্কে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর খামারবাড়ি ঢাকার আয়োজনে দামুড়হুদা উপজেলা কৃষি অফিসের সার্বিক সহযোগিতায় অনুষ্ঠিত সেমিনারে সভাপতিত্ব করেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক বাদল চন্দ্র বিশ্বাস।

প্রধান অতিথি ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ) রবীন্দ্রশ্রী বড়ুয়া তিনি বলেন, আমাদের দেশের আমের কোয়ালিটি ভাল। তিনি আম ব্যবসায়ীদের প্রতি আহবান জানিয়ে বলেন, আপনারা আরও একটু যত্নবান হয়ে রফতানিযোগ্য নিরাপদ আম উৎপাদন করবেন। দেখবেন বাংলাদেশের আম অচিরেই বিশ্ব বাজার দখল করে নিয়েছে।

দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মো: মনিরুজ্জামানের সঞ্চালনায় সেমিনারে প্রধান বক্তা ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাবেক মহাপরিচালক কৃষিবিদ ড. হামিদুর রহমান। বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালক (সরেজমিন উইং) তাজুল ইসলাম পাটোয়ারী। শুভেচ্ছা বক্তব্য রাখেন রফতানিযোগ্য আম উৎপাদন প্রকল্পের প্রকল্প পরিচালক মোহাম্মদ আরিফুর রহমান।

বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা বাবুল কুমার সরকার, যশোর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক আবু হোসেন, গাজীপুর আম উৎপাদন প্রকল্পের উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো: শরফ উদ্দীন, চুয়াডাঙ্গা জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহা।

উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক (শষ্য) তালহা জুবায়ের মাশরুর, দর্শনা উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্রের অতিরিক্ত উপপরিচালক রফিকুল ইসলাম, যশোর টেকসই কৃষি উন্নয়ন প্রকল্পের মনিটরিং অফিসার মাসুম আব্দুল্লাহ, মেহেরপুর সদর উপজেলা কৃষি অফিসার আলমগীর হোসেন, দামুড়হুদা উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিত কুমার বিশ্বাস।

আম চাষিদের মধ্যে বক্তব্য রাখেন আম উৎপাদনকারী কৃষক মোহাম্মদ সফি মল্লিক, দামুড়হুদা উপজেলা আম ব্যবসায়ী সমিতির সভাপতি হাজি মোহা: ফারুক সিদ্দিকী ও সাধারণ সম্পাদক আসলাম উদ্দিন।

সার্বিক সহযোগিতায় ছিলেন দামুড়হুদা উপজেলা কৃষি অফিসের উপসহকারী কৃষি কর্মকর্তা জালাল উদ্দীন, সোহরাব হোসেন, মামুন অর রশিদ, সাইফুল ইসলাম, মেহেদী হাসান, সাইদুর রহমান, লিপ্টন বাদশা, নাজনিন সুলতানা, আজহারুল ইসলাম, বজলুর রহমান প্রমূখ।

মেয়র প্রার্থী আব্দুল কাদের ওপর হামলার অভিযোগ আওয়ামীলীগ নেতা এমএ ফয়সালের বিরুদ্ধে

দর্শনা পৌরসভা উপ-নিবার্চনের মেয়র প্রার্থী আব্দুল কাদের ও অপুর হামলা ও মারপিট করেছে আওয়ামীলীগ নেতা এমএ ফয়সাল। এ হামলায় বাংলাদেশ জামায়াত ইসলামের সাবেক দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান ও দর্শনা পৌরসভার মেয়র প্রার্থী আব্দুল কাদের (৫৮) ও সফর সঙ্গী আমির ও সাবেক কাউন্সিলার সাহিকুল আলম অপু (৪০) আহত হয়।

গতকাল শুক্রবার বিকাল সাড়ে ৫টার দিকে দর্শনা পৌরসভার উপ নির্বাচনের মেয়র প্রার্থী আব্দুল কাদের দলীয় নেতাকর্মীদের সাথে নিয়ে দর্শনা রামনগর গ্রামে নির্বাচনী গণ-সংযোগ করতে যায়।

এসময় রামনগর গ্রামের আওয়ামী লীগ নেতা ও তার সাঙ্গপঙ্গরা তাদের উপর অতর্কিত ভাবে হামলা চালায়। এতে মেয়র প্রার্থী আব্দুল কাদের সহ সঙ্গী দর্শনা পৌর সভার ২নং ওয়ার্ডের সাবেক কাউন্সিলর সাহিকুল আলম অপু আহত হয়।

এ বিষয়ে মেয়র প্রার্থী আব্দুল কাদের বলেন, দর্শনা রামনগর মোড়ে চায়ের দোকানে চা খেয়ে মসজিদের দিকে নামাজ পড়ার উদ্যেশ্যে যাচ্ছিলাম। এমন সময় দর্শনা পৌরসভার ৬ ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ ফয়সাল ও তার ভাই ফলেহার হঠাৎ করে এসে আমাকে ধাক্কা মেরে ফেলে দিয়ে লাথি মারে এবং অপুকে কিল-ঘুষি মারতে থাকে এবং বাশেঁর লাঠি দিয়ে মারতে আসে এ সময় আশে পাশের লোকজন আমাদেরকে রক্ষা করে। এরপর আমরা চলে আসি। আমার বা পায়ে মারাত্মক চোট পেয়েছি। আপরদিকে অপুর বা চোঁখের কোনে চোট লেগে ফুলে গেছে।

এ বিয়ষ এমএ ফয়সাল জানান, মসজিদে গিয়ে আওয়ামীলীগের বিরুদ্ধে নানা অপ-প্রচার করছিল। এ কারণে ধাক্কা-ধাক্কি দিয়ে গ্রাম থেকে বের করে দিয়েছি। দর্শনা পৌরসভা উপ-নিবার্চনের প্রচার প্রচারনা শুরু হতে না হতেই এর উপর হামলা ও মারপিটের ঘটনায় সুস্থ্য নিবার্চন অনুষ্ঠিত হওয়া নিয়ে সাধারণ ভোটাদের মধ্যে নানা প্রশ্ন উঠেছে।

এ বিষয় উপজেলা নিবার্হী অফিসার রোকসানা মিতার নিকট প্রার্থীদের নিরাপত্তার বিষয় জানতে চাইলে তিনি জানান, বিষয়টি জানি না। জানার পর আমি দেখবো।

দর্শনা প্রেসক্লাবে যুগান্তরের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

দর্শনা প্রেসক্লাবে দৈনিক যুগান্তরের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। গতকাল শুক্রবার রাত ৮ টায় দর্শনা প্রেসক্লাবে আয়োজিত

চুয়াডাঙ্গার কুতুবপুর ক্যাম্পের বিশেষ অভিযানে ৫০০ গ্রাম গাঁজাসহ আটক ২

চুয়াডাঙ্গা সদরের কুতুবপুর ক্যাম্পের বিশেষ অভিযানে ৫০০গ্রাম গাঁজাসহ ২জনকে আটক করেছে পুলিশ। ক্যাম্প সুত্রে জানা গেছে, গতকাল শুক্রবার আনুমানিক সন্ধ্যা ৭ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে কুতুবপুর ক্যাম্প আইসি এস আই শফিকুল ইসলাম কনেস্টেবল রকিব ও আলামিনের সহযোগিতায় তাদেরকে গাঁজাসহ হাতেনাতে আটক করা হয়।

আটককৃতরা হলেন চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার আইলহাস ইউনিয়নের পোলবাগুন্দা গ্রামের মৃত গঞ্জের আলীর ছেলে জামাল উদ্দিন বাউল (৪০), একই গ্রামের হারেজ আলীর ছেলে সেলিম হোসেন(৪৫) কে আটক করা হয়।

এবিষয়ে কথা বলা হয়েছে কুতুবপুর ক্যাম্পের আইসি এস আই শফিকুল ইসলামের সাথে তিনি প্রতিবেদকে জানিয়েছে গতকাল শুক্রবার আনুমানিক সন্ধ্যা ৭ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে আসানন্দপুর প্রাইমারি স্কুলের সামনে থেকে আমার ক্যাম্পের কনেস্টেবল রকিব ও আলামিনের সহযোগিতায় তাদেরকে গাঁজা কেনা বেচার সময়ে হাতেনাতে আটক করা হয়েছে, আমি মাদ্রকে জিরো ট্রলারে নামিয়ে আনবো,এই অভিযান চলোমান থাকবে।

গতকালই তাদের সদর থানায় সোপর্দ করা হবে বলে পুলিশের সূত্রে জানাগেছে ।

আলমডাঙ্গায় সরকারি হাসপাতালে চাকুরির প্রলোভনে অর্থ আত্মসাৎ মামলা, জামিন না মঞ্জুর

আলমডাঙ্গার কেশবপুর গ্রামে সরকারি হাসপাতালে চাকুরি দেবার প্রলোভন দেখিয়ে ৬ লাখ ৬০ হাজার টাকা হাতিয়ে নেবার অভিযোগ উঠেছে। এঘটনায় ভুক্তভোগী বাদী হয়ে চুয়াডাঙ্গার আলমডাঙ্গা আমলী আদালতে প্রতারণার মামলা দায়ের করেছে। গত (১৫ ফেব্রুয়ারি) বুধবার চুয়াডাঙ্গা আদালতে জামিন নিতে গেলে কোর্ট জামিন না মঞ্জুর করে জেল হাজতে পাঠানো নির্দেশ দেয়।

স্থানীয় সূত্রে জানাযায়, উপজেলার কেশবপুর গ্রামের মনছের আলির ছেলে সাজু (৩৫)। তিনি পেশায় হারদি ইউনিয়নের কেশবপুর পোস্ট হিসেবে কর্মরত রয়েছে। গত ২০১৯ সালের ১০ অক্টোবর প্রতারিত সাজু ৬ লাখ ৬০ হাজার টাকার চুক্তিতে সরকারি হাসপাতালে চাকুরির দেবার প্রতিশ্রুতি দেয়।

ভুক্তভোগী কেশবপুর গ্রামের মৃত গোলাম আবেদিনের ছেলে রকিব উদ্দীনের নিকট থেকে টাকা নেয়। দীর্ঘদিন অতিক্রম হলেও চাকুরি দিতে ব্যর্থ হয় সাজু। প্রতারিত সাজুর নিকট টাকা ফেরৎ চাইলেও সে দিতে অস্বীকার করে। এমন ঘটনায় রকিব বাদী হয়ে চুয়াডাঙ্গা আলমডাঙ্গা আমলী আদালতে প্রতারণা মামলা দায়ের করেন। ওই মামলায় সাজু ও সহযোগী সেলিমকে জামিন না মঞ্জুর করে চুয়াডাঙ্গা জেল হাজতে পাঠানোর নির্দেশ দেয়।

এদিকে এলাকাবাসী দাবি করে বলে গত ২০১৫ সালে অভিযুক্ত সাজু জোরপূর্বক অস্ত্র দেখিয়ে জমি রেজিস্ট্রি সংক্রান্ত মামলায় কারাভোগ করেছে।

কার্পাসডাঙ্গায় হত্যা মামলায় দুইজনের ১০ বছরের কারাদণ্ড

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় হত্যা মামলার দুই আসামিকে ১০ বছর করে সাজা দেয়া হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে চুয়াডাঙ্গার অতিরিক্ত জেলা ও দায়রা জজ-২ আদালতের বিচাকর মাসুদ আলী আসামিদের উপস্থিতিতে এ রায় ঘোষণা করেন।

সাজাপ্রাপ্তরা হলেন দামুড়হুদা উপজেলার পিরপুরকুল্লা গ্রামের রজব আলীর ছেলে নজরুল (৪০) ও একই এলাকার আজ্জেল মোড়লের ছেলে ইস্রাফিল (৪৩)।

আদালত সূত্রে জানা যায়, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার পিরপুরকুল্লা গ্রামে সিমিরখালীর মাঠে ২০১৩ সালের ১৬ নভেম্বর সকাল ৭টার দিকে জমি নিয়ে পূর্ব বিরোধের জেরে একই এলাকার শাহাদৎ মন্ডলের ছেলে স্বার্থক আলীকে পিটিয়ে হত্যা করা হয়। ওই ঘটনার পরদিন স্বার্থক আলীর ছেলে বরকত আলী বাদী হয়ে একই গ্রামের রজব আলীর ছেলে নজরুল, মরহুম আজ্জেল মোড়লের দুই ছেলে ইস্রাফিল ও শহিদুল এবং নজরুলের ছেলে তামিমকে আসামি করে ৩৪১, ৩০২ ও ৩৪ ধারায় দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করেন। ঘটনার পরপরই আসামিরা পালিয়ে থাকলেও ২০১৪ সালের ৩১ মার্চ চুয়াডাঙ্গা আদালতে আত্মসমর্পণ করে।

পরে আসামিরা জামিনে মুক্ত হয়। বাদী পক্ষের ১৭ জন সাক্ষীর সাক্ষগ্রহণ শেষে দীর্ঘ ১০ বছর পর বিজ্ঞ বিচারক এ রায় ঘোষণা করেন। রায়ে আসামি নজরুল ও ইস্রাফিলকে ১০ বছর কারাদণ্ড এবং ১০ হাজার টাকা জরিমানা এবং অপরাধ প্রমাণিত না হওয়ায় মামলার অপর দুই আসামি শহিদুল ও তামিমকে বেকসুর খালাস দেয়া হয়।

দামুড়হুদা কার্পাসডাঙ্গায় ৩ দিন ব্যাপী কবি নজরুল মেলার উদ্বোধন

দামুড়হুদার কার্পাসডাঙ্গায় ৩দিন ব্যাপী কবি নজরুল মেলা উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে তিন দিন ব্যাপী কবি নজরুল মেলা ২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা ০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর এমপি।

মেলার উদ্বোধন ও আলোচনা পর্বে কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের সভাপতি অধ্যাপক এম এ গফুরের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ০২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগর টগর এমপি,বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন,দামুড়হুদা উপজেলা আ:লীগের সাধারন সম্পাদক হাজী শহিদুল ইসলাম,ছড়াকার কবি আতিক হেলাল,চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নাজমুল হেলাল,কার্পাসডাঙ্গা ইউনিয়ন আ:লীগের সভাপতি শাফিকউর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন,প্রধান আলোচক হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারী কলেজের সহযোগী অধ্যাপক মুন্সী আবু সাইফ,দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ,স্বাগত বক্তব্য রাখেন বাঁশরী একটি নজরুল চর্চা কেন্দ্রের সভাপতি ড.ইঞ্জিনিয়ার খালেকুজ্জামান,শুভেচ্ছা বক্তব্য রাখেন কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংসদের সাধারন সম্পাদক সাইফুল ইসলাম।

এসময় আরো উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউপির সাবেক চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, কুড়ুলগাছি ইউনিয়ন আ:লীগের সাধারন সম্পাদক সরোয়ার হোসেন, আহম্মাদ মাস্টার, জাহিদুর রহমান মুকুল, মন্টু মেম্বার, রাজ্জাক, নুর মোহাম্মদ ভগু, জালাল, গেগার, শওকত, শহিদ বিশ্বাস, যুবলীগ নেতা মোস্তাফিজ কচি, শরীফ রতন, মেহেদী হাসান মিলন, বখতিয়ার খলজি বকুল, জব্বার খাবলি, হামিদ, নুরুল ইসলাম, আকলিমা খাতুন, আবু বক্কর, আটচালা ঘর মালিক প্রকৃতি বিশ্বাস বকুল, মধু, রঘুনাথ পাল প্রমূখ।

[redacted]

[redacted]

দামুড়হুদা লোকনাথপুরে হাসুয়া দিয়ে স্ত্রী ও শ্বাশুড়িকে কোপালো জামাই

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুরে গ্রামে ধারালো হাসুয়া দিয়ে স্ত্রী ও শ্বাশুড়িকে কুপিয়ে আহত করেছে জামাই টিটু ড্রাইভার (৩০)। গতকাল বৃহস্পতিবার বিকাল ৪টার দিকে লোকনাথপুর গ্রামের মতিয়ার ড্রাইভার এর বাড়ির সামনে পাকা রাস্তার উপর এই ঘটনা ঘটে।

আহতরা হলেন স্ত্রী কবিতা খাতুন (২৫)। তিনি সুবল পুর গ্রামের আফসার আলীর মেয়ে। অপরজন হলেন শ্বাশুড়ি সালিমা খাতুন (৪০)। তিনি সুবলপুর গ্রামের মৃত ফকির মোহাম্মদ এর মেয়ে এবং আফসার আলীর স্ত্রী।

জানাগেছে শ্বশুর বাড়ির গরু বিক্রি করা টাকা নিয়ে বিরোধের সৃষ্টি করে তারই জের ধরে স্ত্রী ও শ্বাশুড়ী কে ধারালো হাসুয়া দিয়ে কুপিয়ে জখম করেছে উপজেলার লোকনাথপুর গ্রামের জামাই আকবর আলীর ছেলে টিটু ড্রাইভার। এ সময় স্থানীয়রা আহতদের উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, ঘটনাস্থলে পুলিশ গিয়েছিল। কোনো অভিযোগ পাইনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।